## উপজেলা পরিষদের জুলাই ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: হাবিবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা
সভার তারিখ ও সময় : ২৬.০৭.২০২৩ খ্রিঃ, বেলা ১১.০০ টা।
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-খ
সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: পরিশিষ্ট-গ

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণাকে কার্যবিবরণী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার প্রতিনিধি মেডিকেল অফিসার ডা. রিফাত সাইদ সভায় জানান যে, জরুরী বিভাগ, অন্ত: বিভাগ, বহির্বিভাগে রোগীদের সেবা অব্যাহত রয়েছে। বিনামুল্যে ডেঙ্গু পরিক্ষা করা হচ্ছে। হাসপাতালে রক্ত, মূত্র ও এক্সরে ইসিজি পরিক্ষা করা হচ্ছে। কিন্তু দীর্ঘদিনযাবত আলট্রাসনোগ্রাম মেশিন নষ্ট হয়ে পড়ে আছে। গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এএনসি(ANC) কর্নারে সেবা অব্যাহত রয়েছে এবং শিশুদের জন্য পৃথক আইএমসিআই কর্ণারে সেবা অব্যাহত রয়েছে। অসংক্রামনক রোগে আক্রান্ত (উচ্চরক্তচাপ, ডায়াবেটিস) রোগীদের সেবা দ্রুততার সহিত নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এনসিডি কর্ণার চালু হয়েছে।<br>তিনি আরো জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বছরে একবার ঔষদের বরাদ্দ পাওয়া যায়। | (ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের বিনামূল্যে কি কি ঔষধ দেওয়া হয় এবং ২০২২-২৩ অর্থ বছরে কি পরিমাণ ঔষধ বরাদ্দ এসেছে এবং এর বিভাজনের তথ্যাদি সভাকে অবহিত করতে হবে।<br><br>(খ) কমিউনিটি ক্লিনিক সমূহে রোগীদের বিনামূল্যে কি কি ঔষধ দেওয়া হয় এবং কি পরিমাণ মাসিক বরাদ্দ আসে তার প্রতিবেদন সভাকে অবহিত করতে হবে।<br><br>(গ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বীর মুক্তিযোদ্ধাদের জন্য আলাদা বেডসহ চিকিৎসার সু-ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মদন। |
| ২. | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, হাওরে এখন অফ সিজন চলছে। গত আমন সিজনে সারের চাহিদা ছিল ২০০০ মে.ট. কিন্তু বরাদ্দ পাওয়া গেছে ৫০০ মে.ট.। এবারের বরাদ্দ ৫০০ থেকে বাড়িয়ে ৯০০ মে.ট. বরাদ্দ আনা হয়। এ উপজেলায় আগে ৭০০০ হেক্টর জমি আবাদ করা হত। বর্তমানে তা বেড়ে দাঁড়িয়েছে ১১০০০ হেক্টর। সার ও বীজের কৃত্রিম সংকট তৈরী না হওয়ায় বিষয়ে মনিটরিং চলমান আছে। কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে।<br><br>তিনি আরো জানান, বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় তিন ব্যাপী কৃষি মেলার-২০২৩ আয়োজন করা হয়। মেলায় প্রায় ৮-৯ লক্ষ টাকার বিভিন্ন রকম গাছের চাড়া বিক্রি করা হয়। মেলায় উপজেলা সফল কৃষক হিসেবে তিয়শ্রী ইউনিয়নের খোকন মেম্বার কে পুরুস্কার প্রদান করা হয়।<br><br>জানুয়ারি/২০২৩ থেকে জুন/২০২৩ পর্যন্ত কোন কোন আইনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়নি।<br>তিনি অনাবাদি ও পতিত জমিতে বিভিন্ন রকম শাক-সবজি চাষাবাদের জন্য সকলকে আহ্বান করেন। | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br><br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, মদন<br><br>সংশ্লিষ্ট সকল |
| ৩. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার জন্য মেডিকেল টিম গঠন করা হয়েছে এবং কার্যক্রম চলমান আছে।<br>২। সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্টির আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প-হতে ১২ জন মুরগি পালন প্যাকেজে মুরগির ঘর ও ১৫টি করে মুরগি পাবেন এবং ১২ জন হাঁস পালন প্যাকেজে হাঁসর ঘর ও ১৫টি করে হাস পাবেন ।<br>৩।প্রাণিপুষ্টি উন্নয়নে উন্নতজাতের ঘাসচাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় ১০(দশ) জন ঘাসচাষ করেন এমন ১০(দশ) জন চাষীকে ৫০০০/- হারে ৫০০০০/- প্লটের সাইনবোর্ডসহ প্রদান করা হয়।<br>**তিনি জানান** গত ২১শে মে ২০২৩ তারিখে ঘুর্নিঝড়ে ক্ষতিগ্রস্থ কোন খামারী লিখিত ভাবে অবহিত করেন নাই ।<br>ঈদ- উল-আযহা উপলক্ষ্যে মদন উপজেলায় মোটতাজা খামারীর সংখ্যা-৪৪৫ জন গবদি পশু | (ক) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা প্রাণি সম্পদ অফিস হতে সুবিধাভোগী অন্তত ০১ জন সফল খামাড়িকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) হাঁস-মুরগি ও গবাদি পশুর টিকা কার্যক্রম চলমান রাখতে হবে।<br>(ঘ) জানুয়ারি/২০২৩ থেকে জুন/২০২৩ পর্যন্ত কোন কোন আইনে মোবাইল কোর্ট পরিচালনা হয়েছে , কি পরিমাণ জরিমানা/দন্ডিত হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন |

| | | | |
|---|---|---|---|
| | লালন পালন করেছেন-৩৮৯৩টি,পারিবারিক ভাবে পালন করেছেন ১১,১৯৭টি , এলডিডিপি প্রকল্পের পিজি সদস্য কর্তৃক লালন পালন করেছেন-১৯৯৭টি সর্বমোট মোটাতাজাকরণ গরুর সংখ্যা-১৭০৬৯ ।<br>১। ২০২২-২০২৩ অর্থ বছরে ৫৮৫৩০০ মাত্রা হাঁস-মুরগির টিকা প্রয়োগ করা হয় ।<br>২। গবাদিপশুর টিকা প্রয়োগ কার্যক্রম ৪৮৮৮০ মাত্রা ।<br>ঈদ-উল- আযহা উপলক্ষে গরু মোটাতাজাকরনে খামারীদের ষ্টেরয়েডজাতীয় ঔষধ ও হরমোন জাতীয় ঔষধ ব্যবহারে নিরুৎসাহিত করা হয়।<br>অত্র অফিস হতে সুবিধাভোগী ০১(এক)জন খামারীর সচিত্র প্রতিবেদন তৈরী হচ্ছে।<br>১। উপজেলা প্রাণিসম্পদ অফিস, মদনের গবাদিপশুর চিকিৎসা করা হয় মোট ২৪৫৪৬ টি । পৌরসভা ও ৮টি ইউনিয়নসহ গড়ে প্রতিটি ইউনিয়নে ২৭২৮টি গবাদিপশুকে চিকিৎসা দেওয়া হয় গড়ে ৯৮২ জন খামারীকে।<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা করা হয় মোট ২১৫৩৪৪ টি। পৌরসভা ও ৮টি ইউনিয়নসহ গড়ে প্রতিটি ইউনিয়নে ২৩৯২৭টি হাঁস-মুরগীকে চিকিৎসা দেওয়া হয় গড়ে ২২০ জন খামারীকে।<br>১৫/০২/২০২৩ ইং তারিখে পশুখাদ্যের মান নিয়ন্ত্রন ও জনস্বাস্থ্যের বিবেচনায় মোবাইলকোর্ট পরিচালনা করা হয় এবং ০১ (এক) জনকে জরিমানা করা হয় ৬০০০/-। | | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মদন |
| ৪. | <u>উপজেলা মৎস্য বিভাগঃ</u> উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে, মোবাইল কোর্ট এবং অভিযান চলমান আছে। পোনা মাছ নিধন বন্ধে বাজার, বিল ও হাওর মনিটরিং করা হচ্ছে। এছাড়াও স্বাস্থসম্মত ও নিরাপদ মাছ সরবরাহের লক্ষ্যে উপজেলা মৎস্য বিভাগ কাজ করে যাচ্ছে।<br><br>মদন ইউনিয়নের বৃবড়িকান্দি গ্রামের প্রান্তিক পর্যায়ে মৎস্যজীবীদের নিয়ে সচেতনতামূলক সভা আয়োজন করা হয়েছে।<br><br>তিনি আরো জানান, উপজেলা মৎস্য অফিস হতে সুবিধাভোগী ০৪ জন সফল মৎস্যজীবীকে সম্মানরা স্মারক পুরস্কার প্রদান করা হয়েছে।<br><br>জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ (২৪-৩০ জুলাই) যথাযথভাবে পালন করা হচ্ছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) সকল মৎস্যজীবী সমিতিকে নিয়ে মাছ ধরার বিষয়ে সচেতনতামূলক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) প্রান্তিক জেলেদের তালিকা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, মদন ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ৫. | <u>উপজেলা প্রকৌশল বিভাগঃ</u> উপজেলা প্রকৌশলী জানান ২০২২-২৩ অর্থ বছরের এডিপি এর কাজ ১০০% বাস্তবায়ন হবে বলে আশাবাদী। বটতলা টু বাররী বাজার রাস্তার ভাঙ্গা কালভার্ট অনুমোদন হয়েছে। দরপত্রের কাজ চলমান রয়েছে। একনেকে "নেত্রকোণা জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন" প্রকল্প অনুমোদন হয়েছে। এ প্রকল্পের আওতায় মদন উপজেলার প্রায় ৪৬ কিলোমিটার রাস্তার উন্নয়ন করা হবে। মদন উপজেলার প্রথম uni-block রাস্তা নির্মাণ চলমান রয়েছে। তাছাড়া তিনি ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপির আওতায় প্রকল্প নির্বাচন করার জন্য অনুরোধ জানান। | ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপির আওতায় প্রকল্প নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, মদন<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৬. | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলায় মোট সক্ষম দম্পত্তি ২৭৯৬৪ জন । সক্ষম দম্পত্তির মধ্যে ২১৯১৭ জন গ্রহীতা বিভিন্ন পদ্ধতিতে গ্রহণকারী হিসেবে আছেন। তন্মধ্যে খাবাড় বড়ি গ্রহীতা সি এ আর এর রিপোর্ট অনুযায়ী ৩৯% থাকায় কথা, আমরা ৫২% এ উন্নীত করতে পেরেছি। ইমপ্লিম্যান্ট পদ্ধতীতে ৪% থাকার কথা, আমরা ৬% এ উন্নীত করতে পেরেছি। বাকী পদ্ধতি প্রদান চলমান আছে।<br>তাছাড়া ২০২২-২৩ অর্থ বছরে ৩টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে ১৯১ জন গর্ভবতী মাকে ডেলিভারী করা হয়। | (ক) ২০২২-২৩ অর্থ বছরে মদন উপজেলার বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে এবং কতগুলো কাজ শতভাগ সম্পন্ন হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br><br>(খ) ২০২২-২০২৩ অর্থ বছরে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে কতজন রোগীকে ডিলিভারী করা হয়েছে তার বিস্তারিত তথ্য উপস্থাপন করতে হবে।<br>(গ) গোবিন্দশ্রী সকাল বাজার ও নায়েকপুর সিংহের বাজার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের টেন্ডার কাজের হালনাগাদ তথ্যাদী সভায় অবহিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন ও সংশ্লিষ্ট সকল |
| ৭. | <u>উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান হাওর এলাকায় বীর নিবাস প্রকল্পের নির্মাণ কাজের গতি খুবই কম। যাতায়াত ব্যবস্থা ভাল না থাকায় এই সমস্যা হচ্ছে।<br>অতিদরিদ্রের কর্মসংস্থান কর্মসূচি প্রকল্পের কাজ মাঠে চলমান, টি.আর এবং কাবিখা/কাবিটা প্রকল্পের ২য় ও ৩য় পর্যায়ের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। তাছাড়া ২য় পর্যায়ের ৪২টি বীর নিবাস নির্মাণ প্রকল্পের কাজ চলমান রয়েছে।<br>২০২২-২০২৩ অর্থ বছরে দুটি গার্ডার ব্রীজ নির্মাণের জন্য টেন্ডার হয়েছে। উক্ত স্থানে পানি থাকায় কাজ শুরু করা যাচ্ছে না। | বীর নিবাস প্রকল্পের নির্মাণ কাজ দ্রুত শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) শহীদ মুক্তিযোদ্ধা ও প্রয়াত মুক্তিযোদ্ধা কবরস্থান সংরক্ষণের প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন। |

| | | | |
|---|---|---|---|
| ৮. | **উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি ফিস সহকারী জনাব আযহারুল ইসলাম জানান যে উপজেলায় ০৯টি কিশোর-কিশোরী ক্লাব আছে। যা প্রতি সপ্তাহে শুক্রবার ও শনিবার সকাল ১০.০০ থেকে ১২.০০ টা পর্যন্ত কিশোর কিশরীদের আবৃত্তি, সঙ্গীত, জেন্ডার বৈষম্য, বাল্যবিবাহ, ইভটিজিং ও নারী নির্যাতন সম্পর্কে সচেতনতা বিষয়ে শিক্ষা প্রদান করা হয়। | (ক) মা ও শিশু সহায়তা তহবিলের কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) উপজেলা কিশোর-কিশোরী ক্লাবের সচিত্র প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br><br>উপজেলায় ০৯টি কিশোর-কিশোরী ক্লাবের তালিকা সভায় অবহিত করতে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৯. | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান চলতি মাসে মনিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কদমশ্রী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরিস্কার ও পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়। চলতি মাসে বেশ কয়েকটি বিদ্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় অধিকাংশ শিক্ষক বিনা অনুমতিতে অনুপস্থিত ছিলেন। তাদেরকে নিয়মিত বিদ্যালয়ে আসার জন্য মৌখিকভাবে সতর্ক করা হয়েছে। সকল বিদ্যালয়ের আঙ্গিনা ফুলের বাগান করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। | (ক) বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সরকার নির্ধারিত সময়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা আকস্মিক পরিদর্শনপূর্বক তথ্য সভায় অবহিত করবেন।<br>(খ) দূর্গম এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে প্রতিবেদনের তথ্য সভায় অবহিত করতে হবে।<br>(গ) সকল বিদ্যালয়ের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা পরিদর্শনপূর্বক সভায় অবহিত করবেন।<br>(ঘ) ০৯ জুলাই ২০২৩ থেকে ২০ জুলাই ২০২৩ পর্যন্ত উপস্থিতি ও অন্যান্য বিষয় সংক্রান্ত জরীপ প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করবেন। | উপজেলা শিক্ষা অফিসার, মদন |
| ১০. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নিয়মিত বিদ্যালয় ও শেখ রাসেল ডিজিটাল ল্যাব মনিটরিং করা হচ্ছে। | শেখ রাসেল ডিজিটাল ল্যাব ট্রেইনিং কার্যক্রমের বিস্তারিত তথ্য সভায় অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১. | **উপজেলা সমাজসেবা বিভাগঃ** ফিল্ড সুপার ভাইজার সভায় জানান যে, অত্র উপজেলা সমাজসেবা দপ্তর হতে ৮২৭৫ জনকে বয়স্ক ভাতা, ৫২৫৪ জনকে বিধবা ভাতা, ১৮৫৬ জনকে প্রতিবন্ধী ভাতা ২৪ জন অনগ্রসর ভাতা ৩৩ জন বেদেকে বেদে ভাতা, ২৩ অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, ০৮ জনকে বেদে জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, ৭৫জন প্রতিবন্ধীকে শিক্ষা উপবৃত্তি এবং ০১জনকে হিজড়া ভাতা প্রদান করা হচ্ছে। এ উপজেলায় মোট ভাতাভোগীর সভা ১৫,৫৪৯ জন।<br>তিনি আরো জানান যে, লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া পুরাতন সমাজ সেবা অফিস সংস্কার কাজ চলমান আছে। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার বিস্তারিত তথ্যাদি (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে।<br><br>(খ) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br><br>(গ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা ভোগীদের ভাতা কোন কোন মাসে তাদের নির্দিষ্ট হিসেবে না আসার বিষয়ে তদন্ত করে সভায় অবহিত করতে হবে।<br>(ঙ) মদন উপজেলার সকল এতিমখানা পরিদর্শন করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। |
| ১২. | **উপজেলা যুব উন্নয়ন অফিস :** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে আত্মকর্মসংস্থান সংস্থান কর্মসূচীতে ৫০জন যুব ও যুব মহিলাকে ২৮,০০,০০০/- (আটাশ লক্ষ) টাকা মাঠ থেকে আদায় সাপেক্ষে বিতরণ করতে হবে। তাছাড়া খেলাপী ঋন আদায়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা যুব উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br><br>(খ) বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋন আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস:** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। তবে উপস্থিত সদস্যগণের মতামতের ভিত্তিতে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মদন |

| | | | |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত গৃহিত হয়।<br>সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৪. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন শাখাঃ ব্যবস্থাপক বা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। তবে উপস্থিত সদস্যগণের মতামতের ভিত্তিতে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সক্ষমতা যাচাইপূর্বক জনগণকে অতি দ্রুত সময়ের মধ্যে ঋণ প্রদানে আন্তরিকভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ উপসহকারী প্রকৌশলী জানান ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অথবা তার পূর্বে কোন টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রম সম্পন্ন হয়নি, কিন্তু বিল পরিশোধ হয়েছে এমন ০৩টি অভিযোগ পাওয়া গেছে এবং ব্যবস্থা নেয়া হচ্ছে। | (ক) ২০২০-২১ এবং ২০২১-২০২২ অথবা তার পূর্বের যেকোন অর্থ বছরের গভীর টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রম যা এখনো সম্পন্ন হয়নি, কিন্তু বিল পরিশোধ হয়েছে এমন কার্যক্রমের সুনির্দিষ্ট তথ্য/উপাত্ত সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দকৃত গভীর টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রমের হালনাগাদ তথ্য ও বাস্তবায়ন হার (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, মদন |
| ১৬. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, পল্লী দারিদ্র বিমোচন অফিসের কার্যক্র মস্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। কৃষিজীবিকায়ন ঋণ ও প্রনোদনা ২য় পর্যায়ের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। জুন/২৩ মাসের মধ্যে বরাদ্দ সাপেক্ষে বিতরণ করা হবে। খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন। |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তা জানান উপজেলায় অডিটযোগ্য মোট ৫৯টি সমবায় সমিতি রয়েছে। সমবায় সমিতিগুলো নিয়মিত অডিট, পরিদর্শন, তদারকি, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন, সমবায়ীদের সমন্বয়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ, বিভিন্ন সমবায় ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থী প্রেরণ,বার্ষিক সাধারণ সভা ও বিধি মোতাবেক অডিট ফি, সমবায় উন্নয়ন তহবিল আদায় কার্যক্রম অব্যাহত আছে। | (ক) মদন উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(গ) সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকির করে বিস্তারিত সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, মদন |
| ১৮. | চেয়ারম্যান, ফতেপুর ইউনিয়ন পরিষদ : তিনি জানান হাসনপুর বাজারে একটু বৃষ্টি হলেই পানি জমে যায়। বিশেষ করে বাজারের দিনে লোকজনের যাতায়তে সমস্যা হয়। তাই হাসনপুর বাজারের বাংলা ১৪২৮, ১৪২৯ ও ১৪৩০ বাংলা সনের ইজারা আয়ের ১৫% ও ১০% অর্থ দ্বারা এবং হাটশিরা বাজারের ইজারা আয়ের ১০% অর্থ দ্বারা বৃষ্টির পানি নিস্কাসনের জন্য প্লাস্টিক পাইপের ড্রেইন নির্মাণ করা যেতে পারে। তিনি জানান উক্ত ড্রেইন নির্মাণের জন্য ইউনিয়ন পরিষদের সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলী দপ্তর কর্তৃক ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | হাসনপুর বাজারের বাংলা ১৪২৮, ১৪২৯ ও ১৪৩০ বাংলা সনের ইজারা আয়ের ১৫% ও ১০% অর্থ দ্বারা এবং হাটশিরা বাজারের ইজারা আয়ের ১০% অর্থ দ্বারা হাসনপুর বাজারের পানি নিস্কাশনের জন্য বিধিমোতাবেক ড্রেইন নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br><br>চেয়ারম্যান, ফতেপুর ইউনিয়ন পরিষদ |
| ১৯. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ : নিয়মিতভাবে স্থায়ী কমিটি সমুহের সভা অনুষ্ঠানের জন্য বিভাগীয় কর্মকর্তাদেরকে অনুরোধ জানান। | নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করে আগামী সভার ০৩ দিন পূর্বে কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), মদন। |
| ২০. | চেয়ারম্যান, উপজেলা পরিষদঃ সভায় জানান যে, এ উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানান। প্রত্যেককে ন্যায় ও সততার সাথে সঠিক ভাবে কাজ করার অনুরোধ জানান। | প্রত্যেক দপ্তরের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), মদন। |

২১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ নিম্নলিখিত বিলসমূহ সভায় উপস্থাপন করেন । এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উক্ত বিলগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রমিক নং | ব্যয়ের খাত | টাকার পরিমান |
|---|---|---|
| ১. | উপজেলা পরিষদের আবাসিক ঝুমুর ভবন এর মোটরসহ পানির পাম্প মেরামত | ১৫,০০০/- |
| ২. | উপজেলা পরিষদের পাবলিক হলের মোটরসহ পানির পাম্প ও বৈদ্যুতিক লাইন মেরামত এবং উপজেলা পরিষদের রাস্তায় বৈদ্যুতিক লাইট স্থাপন | ২০,০০০/- |
| ৩. | উপজেলা পরিষদের ভবন ও বাসাবাড়ীর আশপাশ ডেঙ্গু প্রতিরোধে পরিস্কার পরিচ্ছন্ন অভিযান পরিচালনা | ২৫,০০০/- |
| ৪. | ২৬ জুলাই ঐতিহাসিক নাজিরপুর দিবস ২০২৩ উপলক্ষে বীর মুক্তিযোদ্ধাগণের আপ্যায়ন ও যাতায়ত ভাড়া বাবদ | ২৫,০০০/- |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

A. Rahman 27/7/23.

(মো: হাবিবুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মদন, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২৫৬.০০০.০৬.০০২.২২.৯৭(৩১) তারিখঃ ২৬.০৭.২০২৩ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা..................................কর্মকর্তা, মদন, নেত্রকোণা (আগামী সভার ০৩দিন পূর্বে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিকস ফ্রন্টে সফটকপি ও হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় মেইলে unomadan@yahoo.com প্রেরণ করতে হবে)।
২. মেয়র, মদন পৌরসভা, মদন, নেত্রকোণা
৩. চেয়ারম্যান (সকল)............................ইউপি, মদন, নেত্রকোণা
৪. বেগম............................, সংরক্ষিত আসন,..........নং ওয়ার্ড, মদন, নেত্রকোণা
৫. সংশ্লিষ্ট নথি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
১. মাননীয় সংসদ সদস্য, ১৬০ -নেত্রকোণা-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা
২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা
৫. চেয়ারম্যান, উপজেল পরিষদ, মদন, নেত্রকোণা
৬. ভাইস চেয়ারম্যান/ ভাইস মহিলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা

২৭।০৭।২৩
(মো: শাহ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা
unomadan@mopa.gov.bd

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ঠ-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা কৃষি অফিসার, মদন, নেত্রকোণা। | |
| ২. উপজেলা মৎস্য কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ৩. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ২. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ৪. উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মদন, নেত্রকোণা। | ৩. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ৫. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৪. চেয়ারম্যান, ০১ নং কাইটাইল ইউনিয়ন পরিষদ |
| ৬. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৫. চেয়ারম্যান, ০৩ নং মদন ইউনিয়ন পরিষদ |
| ৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৬. চেয়ারম্যান, ০৪ নং গোবিন্দশ্রী ইউনিয়ন পরিষদ |
| ৮. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নেত্রকোণ। | ৭. চেয়ারম্যান, ০৫ নং মাঘান ইউনিয়ন পরিষদ |
| ৯. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মদন, নেত্রকোণা। | ৮. চেয়ারম্যান, ০৬ নং তিয়শ্রী ইউনিয়ন পরিষদ |
| ১০. উপজেলা পল্লী দারিদ্র বিচমোচন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৯. চেয়ারম্যান, ০৭ নং নায়েকপুর ইউনিয়ন পরিষদ |
| ১১. উপজেলা শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ১০. চেয়ারম্যান, ০৮ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ। |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ঠ-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ১। মেয়র, মদন পৌরসভা |
| ২। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, মদন, নেত্রকোণা। | ৩। চেয়ারম্যান, ০২নং চানগাঁও ইউনিয়ন পরিষদ |

কর্মকর্তা/জনপ্রতিনিধি ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ঠ-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, মদন, নেত্রকোণা এর প্রতিনিধি মেডিকেল অফিসার ডা. রিফাত সাঈদ<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন, নেত্রকোণা এর স্থলে জনাব মো: আজহারুল ইসলাম, অফিস সহকারী<br>২। উপজেলা সমবায় কর্মকর্তা, মদন, নেত্রকোণা এর স্থলে জনাব কৃপেষ তালুকদার, ফিল্ড সুপার ভাইজার। | - |

২৭।০৭।২৩
(মো: শাহ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা